এই প্রকল্প তথ্যপত্রটি ADB.org থেকে ১৪ জুন ২০১৮ তারিখে প্রণীত ইংরেজী সংস্করণ থেকে অনূদিত।

ADB ASIAN DEVELOPMENT BANK

# বাংলাদেশ: নগর অবকাঠামো উন্নয়ন প্রস্তুতিমূলক প্রকল্প

| | |
|---|---|
| প্রকল্পের নাম | নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প প্রস্তুতিমূলক সহায়তা |
| প্রকল্পের নম্বর | ৫১২৯৬-০০১ |
| দেশ | বাংলাদেশ |
| প্রকল্পের বর্তমান অবস্থা | প্রস্তাবিত |
| প্রকল্পের ধরন/ সহায়তার ধরন | ঋণ |
| অর্থায়নের উৎস/ পরিমাণ | **ঋণ: নগর অবকাঠামো উন্নয়ন প্রস্তুতিমূলক প্রকল্প**<br>সহজ শর্তের ঋণ/এশীয় উন্নয়ন তহবিল — মার্কিন ডলার ১০.০০ মিলিয়ন |
| কৌশলগত বিষয়সমূহ | পরিবেশগতভাবে টেকসই প্রবৃদ্ধি<br>অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি |
| পরিবর্তনের চালিকাশক্তি | জেন্ডার সমতা ও মূলধারাকরণ<br>সুশাসন ও সক্ষমতা উন্নয়ন |
| খাত/ উপখাত | **পানি ও অন্যান্য নগর অবকাঠামো এবং সেবা/ অন্যান্য নাগরিক সেবা- নগর নীতিমালা, প্রাতিষ্ঠানিক ও সক্ষমতা উন্নয়ন- নগর পানি সরবরাহ** |
| জেন্ডার সমতা ও মূলধারাকরণ | কার্যকর জেন্ডার মূলধারাকরণ |
| বিবরণ | বাংলাদেশে প্রস্তাবিত নগর অবকাঠামো উন্নয়ন প্রস্তুতিমূলক প্রকল্পের আওতায় যেসব কাজের মাধ্যমে প্রকল্প প্রস্তুতি জোরদার করা হবে সেগুলো হলো- (ক) বিনিয়োগ প্রকল্পসমূহ নিশ্চিত করার লক্ষ্যে এশীয় উন্নয়ন ব্যাংক-এর অর্থায়ন বিষয়ক আবশ্যকতা পূরণে প্রাগ্রসর পর্যায়ের সম্ভাব্যতা জরিপ পরিচালনা, বিস্তারিত নকশা প্রণয়ন, এবং ক্রয়কাজে সহায়তা প্রদান সম্পন্ন করা; এবং (খ) প্রকল্প অনুমোদনের পূর্বেই নগর অবকাঠামো উন্নয়ন কাজে বাস্তবায়নকারী প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা জোরদার করা। |

| | |
|---|---|
| প্রকল্পের যৌক্তিকতা এবং দেশ/ আঞ্চলিক কর্ম-কৌশলের সাথে সম্পর্ক | এ কারিগরী সহায়তা ঋণের মাধ্যমে ২০২০ সাল পরবর্তী নগর উন্নয়ন প্রকল্পসমূহের প্রস্তুতি ও বাস্তবায়ন কর্মদক্ষতা উল্লেখযোগ্যভাবে জোরদার হবে। এর মাধ্যমে প্রকল্পসমূহের প্রস্তুতি ও বাস্তবায়নে বাস্তবায়নকারী সংস্থাসমূহের সক্ষমতাও শক্তিশালী হবে। |
| উন্নয়ন প্রভাব | নগরাঞ্চলে জীবন যাপনের অবস্থা উন্নীত |
| প্রকল্পের উন্নয়ন ফলাফল | উচ্চ মাত্রায় নগর প্রকল্প প্রস্তুতি গৃহীত |
| প্রকল্পের ফলাফল | নগর প্রকল্পসমূহের সম্ভাব্যতা জরিপ এবং বিস্তারিত নকশা প্রণয়ন সম্পন্ন<br>নগর প্রকল্প নিশ্চিতকরণে অগ্রিম ভিত্তিতে বাস্তবায়ন সহায়তা প্রদত্ত<br>বাস্তবায়নকারী সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক সক্ষমতা জোরদারকৃত |
| ভৌগোলিক অবস্থান | ঢাকা, নারায়ণগঞ্জ |

## সুরক্ষা-ব্যবস্থার শ্রেণীবিভাগ

## পরিবেশগত ও সামাজিক প্রেক্ষিতের সার-সংক্ষেপ

| | |
|---|---|
| পরিবেশগত প্রেক্ষিত | এ কারিগরী সহায়তা ঋণের লক্ষ্য প্রকল্প প্রস্তুতি বিধায় এর দ্বারা কোন পরিবেশগত প্রভাব প্রত্যাশিত নয়। অনৈচ্ছিক পুনর্বাসন বিবেচনায় এ ঋণ প্রকল্পটি C শ্রেণিভুক্ত। বিনিয়োগ নিশ্চিত করতে প্রকল্পের নকশা প্রণয়নে এডিবি'র সুরক্ষা বিষয়ক নীতিমালা এবং সরকারী নির্দেশনা, বিধি-বিধান ও নীতিমালা অনুসরণ করা হবে। |
| অনৈচ্ছিক পুনর্বাসন | এ কারিগরী সহায়তা ঋণের লক্ষ্য প্রকল্প প্রস্তুতি বিধায় এর দ্বারা কোন সামাজিক প্রভাব প্রত্যাশিত নয়। অনৈচ্ছিক পুনর্বাসন বিবেচনায় এ ঋণ প্রকল্পটি C শ্রেণিভুক্ত। বিনিয়োগ নিশ্চিত করতে প্রকল্পের নকশা প্রণয়নে এডিবি'র সুরক্ষা বিষয়ক নীতিমালা এবং সরকারী নির্দেশনা, বিধি-বিধান ও নীতিমালা অনুসরণ করা হবে। |
| ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | এ কারিগরী সহায়তা ঋণের লক্ষ্য প্রকল্প প্রস্তুতি বিধায় এর দ্বারা কোন সামাজিক প্রভাব প্রত্যাশিত নয়। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বিবেচনায় এ ঋণ প্রকল্পটি C শ্রেণিভুক্ত। বিনিয়োগ নিশ্চিত করতে প্রকল্পের নকশা প্রণয়নে এডিবি'র সুরক্ষা বিষয়ক নীতিমালা এবং সরকারী নির্দেশনা, বিধি-বিধান ও নীতিমালা অনুসরণ করা হবে। |

**অংশীদারদের সাথে মত-বিনিময়, যোগাযোগ, ও অংশগ্রহণ**

| | |
|---|---|
| প্রকল্প প্রস্তুতিকালীন | প্রকল্প প্রস্তুতিকালীন: স্থানীয় সরকার বিভাগ (LGD), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ERD), পরিকল্পনা কমিশন, জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ (DPHE), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন |
| প্রকল্প বাস্তবায়নকালীন | প্রকল্প বাস্তবায়নকালীন: সংশ্লিষ্ট সরকারী প্রতিষ্ঠান এবং স্থানীয় প্রতিষ্ঠান<br><br>- কাজের সুযোগ<br>পরামর্শক সংস্থা নিয়োগ করা হবে গুণগত মান ও ব্যয় ভিত্তিক নির্বাচন পদ্ধতি ব্যবহারের মাধ্যমে। স্বতন্ত্র পরামর্শক নিয়োগে স্বতন্ত্র পরামর্শক নির্বাচন পদ্ধতি ব্যবহার করা হবে। |

**কাজের সুযোগ**

| | |
|---|---|
| পরামর্শক সেবা | পরামর্শক সংস্থা নিয়োগ করা হবে গুণগত মান ও ব্যয় ভিত্তিক নির্বাচন পদ্ধতি ব্যবহারের মাধ্যমে। স্বতন্ত্র পরামর্শক নিয়োগে স্বতন্ত্র পরামর্শক নির্বাচন পদ্ধতি ব্যবহার করা হবে। |
| ক্রয় | এ কারিগরি সহায়তা ঋণের আওতায় ক্রয়কাজের (পরামর্শক সেবা'সহ) অর্থায়নে এডিবি'র ক্রয় নীতিমালা অনুসরণ করা হবে। |
| এডিবি'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | টাডা, মমোকো |
| এডিবি'র দায়িত্বপ্রাপ্ত বিভাগ | দক্ষিণ এশিয়া বিভাগ |
| এডিবি'র দায়িত্বপ্রাপ্ত উপ-বিভাগ | নগর উন্নয়ন ও পানি বিভাগ, SARD |
| নির্বাহী সংস্থাসমূহ | *জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ*<br>*DPHE ভবন, ১৪ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল*<br>*ঢাকা, বাংলাদেশ*<br><br>*স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়*<br>*বাংলাদেশ সচিবালয়*<br>*ঢাকা*<br><br>*নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন*<br>*নগর ভবন, ১০, বঙ্গবন্ধু রোড*<br>*নারায়ণগঞ্জ-১৪০০*<br>*বাংলাদেশ* |

**সময়সূচি**

| | |
|---|---|
| প্রকল্প ধারণাপত্রের অনুমোদন | ০৮ মে ২০১৮ |
| তথ্যানুসন্ধান | ২৪ মে ২০১৮ থেকে ০৭ জুন ২০১৮ |
| ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পর্যালোচনা (MRM) | ১৮ জুলাই ২০১৮ |
| অনুমোদন | - |
| সর্বশেষ পর্যালোচনা | - |
| প্রকল্প তথ্যপত্রের সর্বশেষ হালনাগাদ | ০৯ মে ২০১৮ |

প্রকল্প তথ্যপত্রে (পিডিএস) প্রকল্প বা কর্মসূচির তথ্যের সার-সংক্ষেপ থাকে: তথ্যপত্র একটি পরিবর্তনশীল নথি হওয়ায় এর প্রাথমিক সংকলনে কিছু তথ্য অন্তর্ভুক্ত নাও থাকতে পারে, তবে সেগুলো পাওয়া মাত্রই এতে অন্তর্ভুক্ত করা হয়। প্রস্তাবিত প্রকল্প সংক্রান্ত তথ্যসমূহ সম্ভাব্য ও নির্দেশনামূলক হয়ে থাকে।

প্রকল্প তথ্যপত্র (পিডিএস)-এ বর্ণিত তথ্যের ব্যাপারে এডিবি কোন ধরনের নিশ্চয়তা প্রদান করে না, বরং ব্যবহারকারীদের জন্য শুধু সাধারণ তথ্য যোগান দিয়ে থাকে। এডিবি উচ্চমানসম্পন্ন তথ্য প্রদানে সচেষ্ট থাকলেও এই তথ্য 'যেমন আছে তেমন' ভিত্তিতে দেয়া হয়। এক্ষেত্রে তথ্যের বাণিজ্যিক বা বিশেষ ব্যবহার এবং উপযোগিতা, কিংবা তথ্যের স্বত্বাধিকার সম্পর্কে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন নিশ্চয়তা দেয়া হয় না। বিশেষত, এডিবি এ ধরনের তথ্যের যথার্থতা বা সম্পূর্ণতার নিশ্চয়তা প্রদান করে না।